গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
সুন্দরগঞ্জ,গাইবান্ধা।
fisheries.sundarganj.gaibandha.gov.bd

স্মারক নং -৩৩.০২.৩২৯১.৫০১.৪০.০০৫.২৩.৭৪৮

তারিখ- ২৩ আশ্বিন ১৪৩০ / ০৫ অক্টোবর ২০২৩

বিষয়: তথ্য অধিকার সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, সুন্দরগঞ্জ, গাইবান্ধা এর তথ্য অধিকার সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক তালিকা: ৪ (চার) পাতা।

০৫.১০.২০২৩

(মো: তারিকুল ইসলাম সাবু)
উপজেলা মৎস্য কর্মকর্তা
সুন্দরগঞ্জ,গাইবান্ধা।

জেলা মৎস্য কর্মকর্তা
গাইবান্ধা

তথ্য অধিকার আইন অনুযায়ী উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, সুন্দরগঞ্জ,গাইবান্ধা এর ২০২২-২০২৩

আর্থিক সালের বার্ষিক প্রতিবেদন

## ১. সাংগাঠনিক কাঠামোর বিবরণ

ক) এক নজরে অফিস:

| | | |
|---|---|---|
| প্রতিষ্ঠানের নাম | বাংলা | উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, সুন্দরগঞ্জ,গাইবান্ধা। |
| | ইংরেজি | Office of the Upazila Fisheries Officer,Sundarganj,Gaibandha |
| | সংক্ষিপ্ত | DoF, UFO Office,Sundarganj,Gaibandha |
| অফিস প্রধানের পদবী | উপজেলা মৎস্য কর্মকর্তা | |
| অফিসের ঠিকানা | উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, সুন্দরগঞ্জ,গাইবান্ধা | |
| যোগাযোগ | টেলিফোন-০৫৪২৭৬৪০৭২<br>মোবাইল: ০১৭৬৯৪৫৯৭৫১<br>ই-মেইল: ufosundarganj@fisheries.gov.bd<br>ওয়েবসাইট : www.fisheries.sundarganj.gaibandha.gov.bd | |

খ) অফিসের ভিশন ও মিশন

**ভিশন:** মৎস্য ও মৎস্যজাত উৎস হতে প্রানিজ আমিষের চাহিদা পূরণ, দারিদ্র্য বিমোচন ও রপ্তানি আয় বৃদ্ধি।

**মিশন:** সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে মৎস্য ও চিংড়িসহ অন্যান্য জলজ সম্পদের স্থায়িত্বশীল উৎপাদন বৃদ্ধি করে দেশের পুষ্টি চাহিদা পূরণ ও রপ্তানি আয় বৃদ্ধি এবং দরিদ্র মৎস্যজীবী ও মৎস্যচাষি তথা বাংলাদেশেরে আর্থ সামজিক ক্ষেত্রে কাঙ্খিত উন্নয়ন সাধন।

গ) উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, সুন্দরগঞ্জ,গাইবান্ধা এর অরগানোগ্রাম

উপজেলা মৎস্য কর্মকর্তা ০১ জন

সহকারী মৎস্য কর্মকর্তা- ০১ জন

ক্ষেত্র সহকারী- ০১ জন

অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক-০১ জন

অফিস সহায়ক-০১ জন

২. নিয়ম, কানুন, আইন, অধ্যাদেশ, বিধিমালা, প্রবিধানমালা, প্রজ্ঞাপন, নির্দেশিকা, বই, ম্যানুয়াল, সম্প্রসারণ সামগ্রীর ইত্যাদির তালিকা:

ক) নিয়ম, কানুন, আইন, অধ্যাদেশ, বিধিমালা, প্রবিধানমালা, প্রজ্ঞাপন, নির্দেশিকা:

| ক্রমিক | বিষয় |
|---|---|
| ১ | পোনা অবমুক্তি নির্দেশিকা |
| ২ | বিল নার্সারি নির্দেশিকা |
| ৩ | জেলেদের নিবন্ধন ও পরিচয়পত্র প্রদান নির্দেশিকা, ২০১৯ |
| ৪ | নিহত জেলে পরিবার বা স্থায়ীভাবে অক্ষম জেলেদের আর্থিক সহায়তা প্রদান নীতিমালা, ২০১৯ |
| ৫ | মৎস্য নীতিমালা ১৯৯৮ |
| ৬ | জাতীয় চিংড়ি নীতিমালা ২০১৪ |
| ৭ | জলমহাল নীতিমালা ২০০৯ |
| ৮ | মৎস্যখাদ্য ও পশুখাদ্য উৎপাদন ও বিপনন ব্যবস্থাপনা নির্দেশিকা, ২০২০ |
| ৯ | মৎস্য ও মৎস্যপণ্য (পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ) আইন, ২০২০ |
| ১০ | মৎস্য ও মৎস্যপণ্য (পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ) বিধিমালা, ১৯৮৩ (১ম খন্ড) |
| ১১ | মৎস্য ও মৎস্যপণ্য (পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ) বিধিমালা, ১৯৮৩ (২য় খন্ড) |
| ১২ | সামুদ্রিক মৎস্য আইন, ২০২০ |
| ১৩ | সামুদ্রিক মৎস্য অধ্যাদেশ ১৯৮৩ |
| ১৪ | মৎস্য সঙ্গনিরোধ আইন, ২০১৮ |
| ১৫ | পুকুর উন্নয়ন আইন, ১৯৩৯ |
| ১৬ | জলাধার আইন, ২০০০ |
| ১৭ | মৎস্য খাদ্য ও পশু খাদ্য আইন, ২০১০ |
| ১৮ | মৎস্য খাদ্য বিধিমালা, ২০১১ |
| ১৯ | মৎস্য হ্যাচারি আইন, ২০১০ |
| ২০ | মৎস্য হ্যাচারি বিধিমালা, ২০১১ |
| ২১ | মৎস্য সংরক্ষণ আইন, ১৯৫০ (১ম খন্ড) |
| ২২ | মৎস্য সংরক্ষণ আইন, ১৯৫০ (২য় খন্ড) |
| ২৩ | Protection and Conservation of Fish Rules 1985 এর এস আর ও নং ২২৬-আইন/২০২০ |
| ২৪ | Protection and Conservation of Fish Rule 1985 এর এস আর ও নং ২৭৭-আইন/২০২২ |
| ২৫ | Protection and Conservation of Fish Rule 1985 এর এস আর ও নং ৯৮-আইন/২০১৪ |
| ২৬ | Protection and Conservation of Fish Rule 1985 এর এস আর ও নং ৪১-আইন/২০০৮ |

খ) বই, সহায়িকা, সম্প্রসারণ সামগ্রীর তালিকা:

| ক্রমিক | বিষয় |
|---|---|
| ১ | দেশীয় প্রজাতির ছোট মাছের চাষ ব্যবস্থাপনা ও সংরক্ষণ |
| ২ | গলদা চিংড়ির নার্সারি ও কার্প-গলদা মিশ্রচাষ |
| ৩ | শিং-মাগুর ও কার্প জাতীয় মাছের মিশ্রচাষ ব্যবস্থাপনা |
| ৪ | মাছচাষে মাটি ও পানি এবং মাছের স্বাস্থ্য ব্যবস্থাপনা |
| ৫ | পুকুর তথ্য সংরক্ষণ বই |
| ৬ | মনোসেক্স তেলাপিয়া ও পাঙ্গাস চাষ |
| ৭ | মাছ চাষ ও হ্যাচারি ব্যবস্থাপনা |
| ৮ | কৈ শিং ও মাগুর মাছের ব্যবস্থাপনা |
| ৯ | খাঁচায় মাছ চাষ ব্যবস্থাপনা |

৩. কর্তৃপক্ষের নিকট হতে কোন ব্যক্তি যে সকল শর্তে লাইসেন্স, পারমিট, অনুদান বরাদ্দ, সম্মতি, অনুমোদন বা অন্য প্রকার সুবিধা গ্রহণ করতে পারবেন তার বিবরণ:

ক) মৎস্য খাদ্য লাইসেন্স প্রাপ্তির শর্তসমূহ:

আইনের ধারা ৬ অনুযায়ী লাইসেন্স প্রাপ্তির জন্য প্রত্যেক আবেদনকারীকে নিম্নবর্ণিত ৩ টি ক্যাটাগরিতে উল্লিখিত শর্তাবলী পূরণ করতে হবে, যথা

(ক) ক্যাটাগরি-১: মৎস্য খাদ্য উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, সংরক্ষণ ও বিপনন সংক্রান্ত শর্তাবলী-

(১) হালনাগাদ আয়কর সনদ থাকতে হবে।

(২) ভ্যাট রেজিস্ট্রেশন সনদ থাকতে হবে।

(৩) কারিগরি জনবল থাকতে হবে (বিধি ২(গ)।

(৪) তফসিল ১ ও ২ এ বর্ণিত সুবিধাদি বিদ্যমান থাকতে হবে।

(৫) বার্ষিক মৎস্যখাদ্য উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ ক্ষমতার তথ্যাবলী থাকতে হবে।

(৬) মৎস্যখাদ্য উপকরণের পাত্র এবং নির্ধারণের জন্য তফসিল ৩(ক), ৩(খ), ৩(গ) তে বর্ণিত শর্তাবলী প্রতিপালন করতে হবে।

(খ) ক্যাটাগরি-২: মৎস্য খাদ্য উপকরণ আমদানি ও রপ্তানি সংক্রান্ত লাইসেন্সের শর্তাবলী-

(১) আমদানি ও রপ্তানি লাইসেন্স থাকতে হবে।

(২) ভ্যাট রেজিস্ট্রেশন সনদ থাকতে হবে।

(৩) হালনাগাদ আয়কর সনদ থাকতে হবে।

(৪) হালনাগাদ ট্রেড লাইসেন্স থাকতে হবে।

(৫) তফসিল ২ এ বর্ণিত সুবিধাদি বিদ্যমান থাকতে হবে।

(৬) মৎস্যখাদ্য গুদামজাতকরণ উপযোগী, মানসম্মত ও প্রয়োজনীয় ধারণ ক্ষমতাসম্পন্ন স্থাপনা থাকতে হবে।

(৭) বিএসটিআই হতে পণ্যের মান সম্পর্কে প্রত্যয়ন থাকতে হবে।

(৮) আমদানির ক্ষেত্রে পরিবেশ অধিদপ্তরের প্রত্যয়ন থাকতে হবে।

(গ) ক্যাটাগরি-৩: মৎস্য খাদ্য বিক্রয় সংক্রান্ত লাইসেন্স এর শর্তাবলী-

(১) বিক্রয়স্থলের পূর্ণাঙ্গ ঠিকানা থাকতে হবে।

(২) বাজার, হাট বা বন্দর নির্দিষ্ট দোকানঘর বা স্থাপনা থাকতে হবে এবং দূষণমুক্তভাবে মৎস্যখাদ্য সংরক্ষণ করতে হবে।

(৩) হালনাগাদ ট্রেড লাইসেন্স থাকতে হবে।

(৪) মৎস্য খাদ্য মানসম্মত সংরক্ষণের উপযোগী স্থাপনা থাকতে হবে।

## ৪. নাগরিকদের তথ্য অধিকার নিশ্চিত করার জন্য প্রদত্ত সুবিধাদির বিবরণ ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবী, ঠিকানা এবং প্রযোজ্য ক্ষেত্রে ফ্যাক্স নম্বর ও ই-মেইল ঠিকানা:

| দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | আপীল কর্মকর্তা |
|---|---|
| মোঃ তারিকুল ইসলাম সাবু<br>উপজেলা মৎস্য কর্মকর্তা<br>সুন্দরগঞ্জ,গাইবান্ধা।<br>টেলিফোন-০৫৪২৭৬৪০৭২<br>মোবাইল: ০১৭৬৯৪৫৯৭৫১<br>ই-মেইল: ufosundarganj@fisheries.gov.bd<br>ওয়েবসাইটwww.fisheries.sundarganj.gaibandha.gov.bd | মো: ফয়সাল আযম<br>জেলা মৎস্য কর্মকর্তা<br>গাইবান্ধা<br>টেলিফোন-০২৫৮৭৭১০০১৯<br>মোবাইল: ০১৭৬৯৪৫৯৭৪৩<br>ই-মেইল: dfogaibandha@fisheries.gov.bd<br>ওয়েবসাইট : www.fisheries.gaibandha.gov.bd |

(মো: তারিকুল ইসলাম সাবু)
উপজেলা মৎস্য কর্মকর্তা
সুন্দরগঞ্জ,গাইবান্ধা।